

কৃষিই সমৃদ্ধি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শরীয়তপুর সদর, শরীয়তপুর।
uaosadarshariatpur@gmail.com



স্মারক নং- ১২.১৮.৮৬৬৯.০৪০.০৩.০০৪.২৩/৪২

তারিখঃ ২৪/১০/২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) বিশেষ আবহাওয়া বুলেটিনের তথ্য অনুসারে উপকূলে এগিয়ে আসছে ঘূর্ণিঝড় “হামুন”। এমতস্থায় ২৪ থেকে ২৬ অক্টোবর, ২০২৩ এর মধ্যে অত্র উপজেলায় ঘূর্ণিঝড়ের কারণে হালকা থেকে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে ঘূর্ণিঝড়ের ক্ষতিকর প্রভাব থেকে মাঠে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরী নির্দেশনা প্রদান করা হলোঃ

১. সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে কৃষি সম্পর্কিত পরামর্শ প্রদান।
২. মাঠে ৮০% বা তার বেশী পাকা ধান থাকলে কর্তনের পরামর্শ প্রদান করা।
৩. পরিপক্ক উদ্যান ফসল ও সবজি দ্রুত সংগ্রহ করার পরামর্শ প্রদান।
৪. যেহেতু ভারি বৃষ্টি ও ঝড়ো হাওয়ায় বীজ ও চারা ভেসে যেতে পারে তাই এই মুহূর্তে বীজ বপন ও চারা রোপন থেকে কৃষকদের বিরত থাকার পরামর্শ প্রদান।
৫. সেচ, সার ও কীটনাশক প্রয়োগ আপাতত বন্ধ রাখার পরামর্শ প্রদান।
৬. ফসলের ক্ষয়ক্ষতি নিরূপণ পূর্বক নির্ধারিত ছকপত্র মোতাবেক তাৎক্ষণিক প্রতিবেদন প্রদান।
৭. সার্বক্ষণিক মোবাইল ফোন চালু রাখা।
৮. জরুরী প্রয়োজনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো- ০১৭৩৬২৪৯৮২৪, ০১৭৩১৬৪৮৯৩৮।

স্বাক্ষরিত/
(অলি হালদার)
উপজেলা কৃষি অফিসার
শরীয়তপুর সদর, শরীয়তপুর।

প্রাপক,
কৃষি সম্প্রসারণ অফিসার/সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার/
উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার/উপসহকারী কৃষি অফিসার(সকল),
সদর, শরীয়তপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, শরীয়তপুর।
- ৩। অফিস নথি।



২৪/১০/২০২৩
(অলি হালদার)
উপজেলা কৃষি অফিসার
শরীয়তপুর সদর, শরীয়তপুর।